

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬৫৫ ১৬/ দণ্ডবিধি পরিচ্ছেদঃ ব্যভিচার

আরবী

عَنْ أَبِيْ أُمَامَةَ قَالَ إِنَّ فَتَى شَابًا أَتَى النَّبِيَّ عَيَّا فَقَالَ يَا رَسُولَ اللهِ الْذَنْ لِي بِالزِّنَا فَأَقْبُلَ الْقَوْمُ عَلَيْهِ فَزَجَرُوهُ قَالُوا مَهْ مَهْ فَقَالَ ادْنُهْ فَدَنَا مِنْهُ قَرِيبًا قَالَ فَجَلَسَ قَالَ أَتُحِبُّهُ لِأُمَّكَ قَالَ لَا وَاللهِ جَعَلَنِي اللهُ فِدَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِأُمَّهَاتِهِمْ قَالَ أَفَتُحِبُّهُ لِابْنَتِكَ قَالَ لَا وَاللهِ يَا رَسُولَ اللهِ جَعَلَنِي اللهُ فِدَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِأَمْوَاتِهِمْ قَالَ أَفَتُحِبُّهُ لِأَخْتِكَ قَالَ لَا وَاللهِ جَعَلَنِي اللهُ فِدَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِأَخْوَاتِهِمْ قَالَ أَفَتُحِبُّهُ لِعُمَّتِكَ قَالَ لَا قَالَ لَا وَاللهِ جَعَلَنِي اللهُ فِدَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِأَخْوَاتِهِمْ قَالَ أَفَتُحِبُّهُ لِعُمَّتِكَ قَالَ لَا وَاللهِ جَعَلَنِي اللهُ فِذَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِعَمَّتِهِمْ قَالَ أَفَتُحِبُّهُ لِعَمَّتِكَ قَالَ لَا وَاللهِ جَعَلَنِي اللهُ فِذَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِعَمَّتِهِمْ قَالَ أَفَتُحِبُّهُ لِخَالَتِكَ قَالَ لَا اللّهُ مَعْلَنِي اللهُ فِذَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِغَمَّتِهِمْ قَالَ أَفَتُحِبُهُ لِعَمَّتِكَ قَالَ لَا اللّهُ مِعْلَنِي اللهُ فِذَاءَكَ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِخَالَتِهِمْ قَالَ أَفَتُومَتُهُ لِخَالَتِكَ قَالَ اللّهُ مَعْ ذَنْبُهُ وَطَهَرْ قَلْبُهُ وَحَمَّنِ فَرَاجَكُ قَالَ وَلَا النَّاسُ يُحِبُّونَهُ لِخَالَاتِهِمْ قَالَ فَوَضَعَعَ يَدَهُ عَلَيْهِ وَقَالَ اللَّهُمُ

বাংলা

(১৬৫৫) আবূ উমামা (রাঃ) বলেন, একদা এক যুবক আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে বলল, 'হে আল্লাহ রসূল! আপনি আমাকে ব্যভিচার করার অনুমতি দিন!'

এ কথা শুনে লোকেরা তাকে ধমক দিয়ে বলল, 'থামো, থামো! (এ কী বলছ তুমি?)'

কিন্তু মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, ''আমার কাছে এসো।''

সে তাঁর কাছে এসে বসলে তিনি তাঁকে বললেন, "তুমি কি নিজ মায়ের জন্য তা পছন্দ কর?"

সে বলল, 'না, আল্লাহর কসম! আল্লাহ আমাকে আপনার জন্য কুরবান করুন।'

তিনি বললেন, ''তাহলে লোকেরাও তো তাদের মায়েদের জন্য তা পছন্দ করে না।''

অতঃপর তিনি বললেন, "তাহলে তুমি কি তোমার মেয়ের জন্য তা পছন্দ কর?"



সে বলল, 'না, আল্লাহর কসম! আল্লাহ আমাকে আপনার জন্য কুরবান করুন।' তিনি বললেন, ''তাহলে লোকেরাও তো তাদের মেয়েদের জন্য তা পছন্দ করে না।'' অতঃপর তিনি বললেন, "তাহলে তুমি কি তোমার বোনের জন্য তা পছন্দ কর?" সে বলল, 'না, আল্লাহর কসম! আল্লাহ আমাকে আপনার জন্য কুরবান করুন।' তিনি বললেন, ''তাহলে লোকেরাও তো তাদের বোনেদের জন্য তা পছন্দ করে না।'' অতঃপর তিনি বললেন, "তাহলে তুমি কি তোমার ফুফুর জন্য তা পছন্দ কর?" সে বলল, 'না, আল্লাহর কসম! আল্লাহ আমাকে আপনার জন্য কুরবান করুন।' তিনি বললেন, "তাহলে লোকেরাও তো তাদের ফুফুদের জন্য তা পছন্দ করে না।" অতঃপর তিনি বললেন, ''তাহলে তুমি কি তোমার খালার জন্য তা পছন্দ কর?'' সে বলল, 'না, আল্লাহর কসম! আল্লাহ আমাকে আপনার জন্য কুরবান করুন।' তিনি বললেন, ''তাহলে লোকেরাও তো তাদের খালাদের জন্য তা পছন্দ করে না।'' অতঃপর তিনি তার বুকে হাত রাখলেন এবং তার জন্য দু'আ ক'রে বললেন, হে আল্লাহ! তুমি ওর গোনাহ মাফ করে দাও, ওর হৃদয়কে পবিত্র করে দাও এবং ওকে ব্যভিচার থেকে রক্ষা কর। বর্ণনাকারী বলেন, অতঃপর সেই যুবক আর ব্যভিচারের দিকে ভ্রাক্ষেপও করেনি।

ফুটনোট

(আহমাদ ২২২১১, ত্বাবারানীর কাবীর ৭৬৭৯, বাইহাকীর শুআবুল ঈমান ৫৪১৫, সিলসিলাহ সহীহাহ ৩৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65403

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন